



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৩১৫/ক/স্বি:/০১(অংশ-১)/৮৪৪

তারিখ: ০৫/০৩/২০২৬

বিষয়: গাজীপুর জেলার সেনানিবাসে অবস্থিত “গাজীপুর ক্যান্টনমেন্ট কলেজ”-এ উচ্চমাধ্যমিক পর্যায়ে ‘উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন’ বিষয় খোলার অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.৭২.২৩.২০২৫-৩৪, তারিখ-১৬/০২/২০২৬।
খ) অধ্যক্ষের ২৬/০২/২০২৬ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গাজীপুর জেলার সেনানিবাসে অবস্থিত “গাজীপুর ক্যান্টনমেন্ট কলেজ”-এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ হতে উচ্চমাধ্যমিক পর্যায়ে ‘উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন’ বিষয় খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ২। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হবে না;
- ৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭। বেসরকারী কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৮। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা:-

প্রফেসর মুনসী হুমায়ুন কবির
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

গাজীপুর ক্যান্টনমেন্ট কলেজ [EIN:-109033]
গাজীপুর সেনানিবাস, গাজীপুর।

মেমো নং- ৮৪৪ (৬)

তারিখ: ০৫/০৩/২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, নীলক্ষেত, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।


১৫/০৩/২০২৬
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

